



প্রেস বিজ্ঞপ্তি

বরিশাল বিশ্ববিদ্যালয়ের মেধাবী শিক্ষার্থী রাকিব হাসান রাফির স্মরণে শোকসভা ও দোয়া মোনাজাত অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১ ফেব্রুয়ারি ২০২৪খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের ২০১৭-১৮ শিক্ষাবর্ষের মেধাবী শিক্ষার্থী রাকিব হাসান রাফির স্মরণে একটি শোকসভা ও দোয়া মোনাজাত অনুষ্ঠিত হয়েছে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগ ও মার্কেটিং এ্যাসোসিয়েশনের উদ্যোগে ১ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ বিকাল ৪টায় বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা অডিটোরিয়ামে এ শোকসভার আয়োজন করা হয়। সভায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রু.দা.) অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া, প্রক্টর (ভারপ্রাপ্ত) ড. আব্দুল কাইউম, মার্কেটিং বিভাগের চেয়ারম্যান বক্ষিম চন্দ্র সরকার, বিভাগের শিক্ষকমন্ডলী, শিক্ষার্থীবৃন্দসহ রাকিব হাসান রাফির পরিবারের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে দোয়া মোনাজাতের মাধ্যমে মরহুমের রুহের মাগফিরাত কামনা করা হয়। উল্লেখ্য, রাকিব হাসান রাফি গত ২২ ডিসেম্বর শুক্রবার মাঝরাতে কুমিল্লার ময়নামতি এলাকায় মর্মান্তিক দুর্ঘটনার শিকার হয়ে মৃত্যুবরণ করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

২০২৪-০১-০১

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়